



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর)

ভর্তি বিজ্ঞপ্তি
বিএড (প্রফেশনাল) এবং এমএড (প্রফেশনাল) প্রোগ্রাম
Fall ২০২৩ (জুলাই-ডিসেম্বর)

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর)- এর অধীনে ১ বছর মেয়াদী বিএড (প্রফেশনাল) এবং এমএড (প্রফেশনাল) প্রোগ্রাম Fall ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ভর্তির যোগ্যতা:

বিএড (প্রফেশনাল):

প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে স্নাতক/ডিগ্রি পাশ হতে হবে। উল্লেখ্য যে, গ্রেডিং পদ্ধতিতে জিপিএ- ২.৫০ এর কম প্রাপ্ত (মাধ্যমিক/সমমান) এবং পাস কোর্সের ক্ষেত্রে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য হবে না। তবে চাকুরীরত (সরকারি-বেসরকারি) প্রতিষ্ঠানের প্রার্থীদের ক্ষেত্রে বিষয়টি বিবেচনা করা হবে।

এমএড (প্রফেশনাল):

বিএড (প্রফেশনাল) প্রোগ্রামে উল্লিখিত যোগ্যতাসহ প্রার্থীকে অবশ্যই বিএড ডিগ্রিধারী হতে হবে।

আবেদনপত্র সংগ্রহ ও জমা:

আগামী '০২ জুলাই' ২০২৩ তারিখের মধ্যে www.jnu.ac.bd ওয়েবসাইট থেকে ভর্তির আবেদনপত্র ডাউনলোড করে পূরণকৃত আবেদনপত্রসহ সকল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত কপি স্ক্যান করে office@ier.jnu.ac.bd ই-মেইলে প্রেরণ করতে হবে। ০১৭১১৯৮৯৬৬৭ নম্বরে আবেদন ফি ১০২০/- টাকা বিকাশে পাঠিয়ে ট্রানজেকশন নম্বর ই-মেইলের সাবজেক্ট লাইনে উল্লেখ করতে হবে। এছাড়া শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর)- এর অফিস থেকে সরকারি ছুটির দিনসহ অন্যান্য যে কোন দিন সরাসরি আবেদনপত্র উত্তোলন এবং পূরণকৃত আবেদনপত্র জমা দেওয়া যাবে।

লিখিত ভর্তি পরীক্ষার তারিখ:

বিএড: ০৭-০৭-২০২৩, সকাল ১১:৩০টা - দুপুর ১২:৩০টা

এমএড: ০৭-০৭-২০২৩ খ্রিস্টাব্দ, বিকাল ০৩:৩০টা - ০৪:৩০টা

ফলাফল ঘোষণা: ১০-০৭-২০২৩

ওরিয়েন্টেশন ক্লাস শুরু: ১৪-০৭-২০২৩

সাপ্তাহিক ক্লাস: শুক্রবার ও শনিবার।

যোগাযোগের ঠিকানাঃ

আইইআর অফিস কক্ষ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০

ফোন: ০২৯৫৩৪২০৪, ০১৭১১৯৮৯৬৬৭, ০১৬৩৩৩৮৮৫২৯